রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**রবিবার, ডিসেম্বর ১০, ২০২৩**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ভূমি মন্ত্রণালয়**
**প্রজ্ঞাপন**

তারিখ: ২০ অগ্রহায়ণ, ১৪৩০ বঙ্গাব্দ/০৫ ডিসেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

**এস, আর, ও নং-৩৩১-আইন/২০২৩।**—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই বিধিমালা ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২৩ নামে অভিহিত হইবে।

(২) ইহা ১৫ মে, ২০১১ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **‘কমিশন’** অর্থ বাংলাদেশ সরকারি কর্ম কমিশন;

(খ) **‘তফসিল’** অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(গ) **‘নিয়োগকারী কর্তৃপক্ষ’** অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত যে কোনো কর্মকর্তা;

(ঘ) **‘পদ’** অর্থ তফসিলে উল্লিখিত কোনো পদ;

(ঙ) **‘প্রয়োজনীয় যোগ্যতা’** অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(চ) **‘শিক্ষানবিশ’** অর্থ কোনো পদে নির্দিষ্ট সময়ের জন্য শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কর্মচারী; এবং

(ছ) **'স্বীকৃত বিশ্ববিদ্যালয়'** বা **'স্বীকৃত প্রতিষ্ঠান'** বা **'স্বীকৃত ইনস্টিটিউট'** বা **'স্বীকৃত বোর্ড'** অর্থ কোনো আইন দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয়, প্রতিষ্ঠান, ইনস্টিটিউট বা বোর্ড এবং সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোনো বিশ্ববিদ্যালয়, প্রতিষ্ঠান, ইনস্টিটিউট বা বোর্ড।

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি সাপেক্ষে, যদি থাকে, কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ প্রদান করিতে হইবে, যথা :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলির মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা হইবে না যদি উক্ত পদে নিয়োগের জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের এখতিয়ারভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ গ্রহণপূর্বক কমিশনের আওতা বহির্ভূত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটি মৌখিক ও লিখিত পরীক্ষার ভিত্তিতে নিয়োগের সুপারিশ করিবে, তবে ২০ তম গ্রেডের কোনো পদে লিখিত পরীক্ষা গ্রহণ করা বা না করা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হইবে।

(৩) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবে না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এইরূপ কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোনো পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষ, তদকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত করা না হয়, বা তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৫) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরমে যদি থাকে, ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকরি বা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকিয়া স্বীয় উর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

(৬) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করিয়া কোনো ব্যক্তি নিয়োগপ্রাপ্ত হইলে, তাহার পূর্ব চাকরিকাল শুধু পেনশন ও বেতন সংরক্ষণের জন্য গণনাযোগ্য হইবে এবং জ্যেষ্ঠতা বা অন্য কোনো আর্থিক সুবিধার জন্য উক্ত কর্মকাল গণনাযোগ্য হইবে না।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**।—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, ১৩—১৬ গ্রেডের কোনো পদ হইতে ১০—১২ গ্রেডের কোনো পদে এবং ১০—১২ গ্রেডের কোনো পদ হইতে নবম বা তদুর্ধ্ব গ্রেডের কোনো পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) কোনো ব্যক্তির চাকরি বৃত্তান্ত সন্তোষজনক না হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যেমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৩) অস্থায়ী পদে সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালার বিধান অনুযায়ী পদোন্নতি প্রদান করা যাইবে, তবে উক্ত পদোন্নতি অস্থায়ী হইবে এবং পদ স্থায়ী হইলে উক্ত পদোন্নতি স্থায়ী হইবে।

৬। **শিক্ষানবিশি**।—(১) কোনো স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশি হিসাবে সরাসরি নিয়োগের ক্ষেত্রে স্থায়ী নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসর এবং পদোন্নতির ক্ষেত্রে এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য নিয়োগ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিশি মেয়াদ এক বা একাধিকবার এইরূপে বৃদ্ধি করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যেইক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ চলাকালীন নিয়োগকারী কর্তৃপক্ষ বিবেচনা করে যে, তাহার কর্ম ও আচরণ সন্তোষজনক নহে, বা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যেই পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশি মেয়াদ চলাকালীন কোনো শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবে; এবং

(খ) যদি বিবেচনা করে যে, শিক্ষানবিশি মেয়াদ চলাকালীন শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না, যতক্ষণ না সরকারি আদেশক্রমে, সময় সময়, যেই পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন:

তবে শর্ত থাকে যে, যেই সকল কর্মচারীর বয়স ৫০ (পঞ্চাশ) বৎসর উত্তীর্ণ হইয়াছে সেই সকল কর্মচারীকে তফসিলে বর্ণিত পদের শিক্ষানবিশকাল শেষ হইবার ১ (এক) বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না।

(৫) অস্থায়ীভাবে সৃজিত পদে অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি শিক্ষানবিশ হিসাবে গণ্য হইবেন, তবে অস্থায়ী পদ যেই তারিখে স্থায়ী হইবে, সেই তারিখ হইতে উক্ত ব্যক্তির চাকরি স্থায়ী হইবে।

৭। **প্রেষণ**।—নিয়োগকারী কর্তৃপক্ষ তফসিলে বর্ণিত প্রেষণে বদলিভিত্তিক কোনো পদে প্রেষণে বদলির মাধ্যমে পদায়ন করিতে পারিবে।

৮। **বিশেষ বিধান**।—(১) তফসিলে উল্লিখিত কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোনো ভগ্নাংশ আসিলে উভয় কোটায় ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

(২) ১৫ মে, ২০১১ তারিখে বা উহার পূর্বে সরাসরি নিয়োগ বা পদোন্নতিপ্রাপ্ত সহকারী জরিপ অফিসার উক্ত পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরির অভিজ্ঞতা সাপেক্ষে সহকারী পরিচালক (জরিপ) বা সহকারী পরিচালক (প্রিন্টিং) পদে পদোন্নতির জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন।

(৩) তফসিলে উল্লিখিত নিরাপত্তা প্রহরী ও কার্পেন্টার পদসমূহে বর্তমানে কর্মরত কোনো কর্মচারীর অবসর গ্রহণ, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে উক্ত পদসমূহ শূন্য হইলে অথবা উক্ত পদসমূহে কর্মরত কোনো কর্মচারী উচ্চতর পদে পদোন্নতি প্রাপ্ত হইলে উক্ত শূন্য পদসমূহে কোনো প্রকার নূতন নিয়োগ প্রদান করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, এই বিধানে যাহা কিছুই থাকুক না কেন, তফসিলে উল্লিখিত নিরাপত্তা প্রহরী ও কার্পেন্টার পদসমূহে আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী আউটসোর্সিং এর মাধ্যমে সেবা ক্রয় করা যাইবে।

৯। **হেফাজত**।—(১) সিভিল আপিল নম্বর ৪৮/২০১১ এ সুপ্রিম কোর্টের আপিল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে সামরিক শাসনকে অসাংবিধানিক ঘোষণাপূর্বক উহার বৈধতা প্রদানকারী সংবিধান (সপ্তম সংশোধন) আইন, ১৯৮৬ (১৯৮৬ সনের ১ নম্বর আইন) বাতিল ঘোষিত হওয়ায় এতদ্দ্বারা Recruitment Rules for the Officers and Employees of the Directorate of Land Records and Surveys, 1984, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, বিলুপ্ত হইয়াছে।

(২) উক্তরূপে বিলুপ্ত হওয়া সত্ত্বেও প্রজাতন্ত্রের কর্মের ধারাবাহিকতা বহাল ও অক্ষুণ্ণ রাখিবার নিমিত্ত, জনস্বার্থে, উক্ত Rules এর অধীন—

(ক) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ এবং উহার ধারাবাহিকতায় প্রাপ্ত প্রশিক্ষণ, শিক্ষানবিশিসহ চাকরিতে স্থায়ীকরণ, পদোন্নতি ও অর্জিত অধিকারসমূহ এমনভাবে চলমান থাকিবে যেন উহা এই বিধিমালার বিধান অনুযায়ী প্রাপ্ত ও অর্জিত হইয়াছে; এবং

(খ) বিলুপ্তির পরবর্তীতে—

(অ) এই বিধিমালার কার্যকর হইবার তারিখ এবং ইহার জারির তারিখের অন্তর্বর্তীকালীন সময়ে নিয়োগপ্রাপ্তগণের নিয়োগ এবং উহার ধারাবাহিকতায় প্রাপ্ত প্রশিক্ষণ, শিক্ষানবিশিসহ চাকরিতে স্থায়ীকরণ, পদোন্নতি ও অর্জিত অধিকারসমূহ, যদি থাকে, এমনভাবে চলমান থাকিবে যেন উহা এই বিধিমালার বিধান অনুযায়ী প্রাপ্ত ও অর্জিত হইয়াছে; এবং

(আ) কোনো কার্যক্রম অনিষ্পন্ন থাকিলে, যতদূর সম্ভব, উহা এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

**তফসিল-১**

**[বিধি ২(খ), ৩(২), ৬(৪), ৭, ৮(১) ও (৩) দ্রষ্টব্য]**

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | মহাপরিচালক | - | প্রেষণে বদলির মাধ্যমে | বিসিএস (প্রশাসন) ক্যাডারের গ্রেড-১ পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ২। | পরিচালক (প্রশাসন) | - | প্রেষণে বদলির মাধ্যমে | সরকারের যুগ্ম-সচিব পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৩। | পরিচালক (ভূমি রেকর্ড) | - | প্রেষণে বদলির মাধ্যমে | সরকারের যুগ্ম-সচিব পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৪। | পরিচালক (জরিপ) | - | প্রেষণে বদলির মাধ্যমে | সরকারের যুগ্ম-সচিব পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৫। | উপ-পরিচালক (প্রশাসন) | - | প্রেষণে বদলির মাধ্যমে | সরকারের উপ-সচিব পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৬। | উপ-পরিচালক (সেটেলমেন্ট অপারেশন) | - | প্রেষণে বদলির মাধ্যমে | সরকারের উপ-সচিব পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৭। | উপ-পরিচালক (অর্থ ও বাজেট) | - | প্রেষণে বদলির মাধ্যমে | সরকারের উপ-সচিব পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৮। | উপ-পরিচালক (জরিপ) | - | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:** সহকারী পরিচালক (জরিপ) বা সহকারী পরিচালক (প্রিন্টিং) পদে অন্যূন ১২ (বার) বৎসরের চাকরি। **প্রেষণে বদলির ক্ষেত্রে:** সরকারের উপ-সচিব পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৯। | সহকারী সিস্টেম এনালিস্ট | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ১০। | চার্জ অফিসার | - | প্রেষণে বদলির মাধ্যমে | সিনিয়র সহকারী সচিব পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ১১। | সহকারী পরিচালক (জরিপ) | - | পদোন্নতির মাধ্যমে | কানুনগো/উপ-সহকারী সেটেলমেন্ট অফিসার পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি। |
| ১২। | সহকারী পরিচালক (প্রিন্টিং) | - | পদোন্নতির মাধ্যমে | কানুনগো/উপ-সহকারী সেটেলমেন্ট অফিসার পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি। |
| ১৩। | সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ১৪। | কানুনগো/উপ-সহকারী সেটেলমেন্ট অফিসার | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সহকারী জরিপ অফিসার পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি; এবং<br>(খ) শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ/ শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়; এবং<br>(গ) কোনো স্বীকৃত কারিগরি শিক্ষা বোর্ডের অনুমোদিত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে অন্যূন ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (সার্ভেয়িং টেকনোলজি) ডিগ্রি থাকিতে হইবে; এবং<br>(ঘ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১৫। | প্রশাসনিক কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে | প্রধান সহকারী বা হিসাবরক্ষক বা ক্যাশিয়ার বা সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি। |
| ১৬। | সহকারী জরিপ অফিসার | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) হেড ড্রাফটসম্যান পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; অথবা<br>(খ) সিনিয়র ড্রাফটসম্যান বা প্রিন্টিং সুপারভাইজার পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি; অথবা<br>(গ) হেড কম্পিউটর বা সিনিয়র সাব-সার্ভেয়ার পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি বা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি; এবং<br>(খ) শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয় অথবা কোনো স্বীকৃত কারিগরি শিক্ষা বোর্ডের অনুমোদিত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (সার্ভেয়িং টেকনোলজি) ডিগ্রি; এবং<br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১৭। | হেড ড্রাফটসম্যান | - | পদোন্নতির মাধ্যমে | সিনিয়র ড্রাফটসম্যান পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ১৮। | সিনিয়র ড্রাফটসম্যান | - | পদোন্নতির মাধ্যমে | ড্রাফটসম্যান পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি। |
| ১৯। | প্রিন্টিং সুপারভাইজার | - | পদোন্নতির মাধ্যমে | হেড জিংক-কারেক্টর বা হেড প্রিন্টার বা হেড গ্রেইনার বা হেড ফটোম্যান বা ক্যামেরাম্যান পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ২০। | প্রধান সহকারী | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ২১। | হিসাবরক্ষক | মন্ত্রণালয় বা বিভাগসমূহের হিসাব কোষের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮ অনুযায়ী। | | |
| ২২। | ক্যাশিয়ার | মন্ত্রণালয় ও বিভাগসমূহের হিসাব কোষের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮ অনুযায়ী। | | |
| ২৩। | উচ্চমান সহকারী | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ২৪। | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমনপদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ২৫। | কম্পিউটার অপারেটর | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ২৬। | হেড জিংক-কারেক্টর | - | পদোন্নতির মাধ্যমে | জিংক-কারেক্টর পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি। |
| ২৭। | হেড প্রিন্টার | - | পদোন্নতির মাধ্যমে | প্রিন্টার পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি। |
| ২৮। | হেড গ্রেইনার | - | পদোন্নতির মাধ্যমে | (ক) হেড মেশিনম্যান পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি; অথবা<br>(খ) গ্রেইনার পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২৯। | হেড ফটোম্যান | - | পদোন্নতির মাধ্যমে | ফটোম্যান পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি। |
| ৩০। | ক্যামেরাম্যান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ফটোগ্রাফি বিষয়ে ডিপ্লোমা; এবং<br>(গ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩১। | রেকর্ড কিপার | - | পদোন্নতির মাধ্যমে | সহকারী রেকর্ড কিপার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ৩২। | হেড কম্পিউটর | - | পদোন্নিতর মাধ্যমে | কম্পিউটর পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৩৩। | সিনিয়র সাব-সার্ভেয়ার | - | পদোন্নতির মাধ্যমে | সাব-সার্ভেয়ার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৩৪। | ড্রাফটসম্যান | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>জিংক-কারেক্টর পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোনো স্বীকৃত কারিগরি শিক্ষা বোর্ডের অনুমোদিত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে অন্যূন ৬ (ছয়) মাসের সিভিল ড্রাফটিং বিষয়ে ট্রেড কোর্স সনদ; এবং<br>(গ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩৫। | মেকানিক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে মেকানিক্যাল বা ইলেকট্রিক্যাল এ অন্যূন ৬ (ছয়) মাসের ট্রেড কোর্স সনদ; এবং<br>(গ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৬। | গাড়ি চালক | সরকারি যানবাহন অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৩৭। | সাব-সার্ভেয়ার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন সার্ভে ইনস্টিটিউট হইতে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (সার্ভেয়িং) সার্টিফিকেট; এবং<br>(খ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৮। | কম্পিউটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার MS Office চালনায় অভিজ্ঞ; এবং<br>(গ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৯। | জিংক-কারেক্টর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৪০। | বাউন্ডারি আমিন | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে জরিপ বিষয়ে অন্যূন ৬ (ছয়) মাসের ট্রেড কোর্স সনদ; এবং<br>(খ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪১। | হেড-মেশিনম্যান | - | পদোন্নতির মাধ্যমে | গ্রেইনার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ৪২। | প্রিন্টার | ৩০ বৎসর | (ক) ২০% পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৮০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>গ্রেইনার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (প্রিন্টিং টেকনোলজি) অথবা কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) প্রিন্টিং কাজে পারদর্শি; এবং<br>(গ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৩। | ফটোম্যান | ৩০ বৎসর | (ক) ৩০% পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৭০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>ফ্রেম ক্যারিয়ার পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (খ) ফটোগ্রাফি কাজে অভিজ্ঞ; এবং<br>(গ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৪। | হিসাব সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে ব্যবসায় শিক্ষা বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার MS Office চালনায় অভিজ্ঞ; এবং<br>(গ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৫। | অফিস সহকারী-কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৪৬। | সহকারী রেকর্ড কিপার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) কম্পিউটার MS Office চালনায় অভিজ্ঞ; এবং<br>(গ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৭। | লাইব্রেরিয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার বিজ্ঞান বিষয়ে ডিপ্লোমা ডিগ্রি; এবং<br>(খ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৪৮। | স্টোর কিপার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) কম্পিউটার MS Office চালনায় অভিজ্ঞ; এবং<br>(গ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৯। | ডেসপাচার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) কম্পিউটার MS Office চালনায় অভিজ্ঞ; এবং<br>(গ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫০। | বুক বাইন্ডার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) অফিস সহায়ক পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি; এবং<br>(খ) বই বাধাঁই কাজে অভিজ্ঞ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ বই বাধাঁই কাজে অভিজ্ঞ; এবং<br>(খ) তফসিল-৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫১। | কার্পেন্টার | বর্তমানে চাকরিতে কর্মরত কর্মচারীর পদটি পদোন্নতি, অবসর, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে উক্ত পদটি অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী। | | |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৫২। | গ্রেইনার | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>টিন্ডেল বা রেকর্ড সাপ্লাইয়ার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫৩। | ফ্রেম ক্যারিয়ার | - | পদোন্নতির মাধ্যমে | টিন্ডেল বা রেকর্ড সাপ্লাইয়ার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৫৪। | ক্যাশ সরকার | মন্ত্রণালয় ও বিভাগসমূহের হিসাব কোষের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮ অনুযায়ী। | | |
| ৫৫। | রেকর্ড সাপ্লাইয়ার | - | পদোন্নতির মাধ্যমে | অফিস সহায়ক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৫৬। | টিন্ডেল | - | পদোন্নতির মাধ্যমে | অফিস সহায়ক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৫৭। | ম্যাপ কাউন্টার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫৮। | নিরাপত্তা প্রহরী | বর্তমানে চাকরিতে কর্মরত কর্মচারীর পদটি পদোন্নতি, অবসর, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য হইলে উক্ত পদটি অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী। | | |
| ৫৯। | অফিস সহায়ক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

**তফসিল-২**

**[বিধি ২(খ) দ্রষ্টব্য]**

কানুনগো/উপ-সহকারী সেটেলমেন্ট অফিসার পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার নাম, বিষয়, নম্বর, সর্বনিম্ন পাশ নম্বর ও সময়

| পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | মোট নম্বর | সর্বনিম্ন পাশ নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| লিখিত পরীক্ষা | ১। বাংলা | ২০ | ৫০% | ৯০ মিনিট |
| | ২। ইংরেজি | ২০ | | |
| | ৩। গণিত | ২০ | | |
| | ৪। সাধারণ জ্ঞান ও পদ সংশ্লিষ্ট | ৩০ | | |
| | মোট | ৯০ | | |
| মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| | সর্বমোট: | ১০০ | | |

**ব্যাখ্যা:** মৌখিক পরীক্ষায় কমপক্ষে ৫০% নম্বর পেয়ে পৃথকভাবে পাশ করিতে হইবে।

**তফসিল-৩**

**[বিধি ২(খ) দ্রষ্টব্য]**

সহকারী জরিপ অফিসার পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার নাম বিষয়,
নম্বর, সর্বনিম্ন পাশ নম্বর ও সময়

| **পরীক্ষার নাম** | **পরীক্ষার বিষয়** | **মোট নম্বর** | **সর্বনিম্ন পাশ নম্বর** | **সময়** |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| লিখিত পরীক্ষা | ১। বাংলা | ২০ | ৫০% | ৯০ মিনিট |
| | ২। ইংরেজি | ২০ | | |
| | ৩। গণিত | ১৫ | | |
| | ৪। সাধারণ জ্ঞান | ১৫ | | |
| | ৫। বিষয়ভিত্তিক | ২০ | | |
| | মোট | ৯০ | | |
| মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| | সর্বমোট: | ১০০ | | |

**ব্যাখ্যা:** মৌখিক পরীক্ষায় কমপক্ষে ৫০% নম্বর পেয়ে পৃথকভাবে পাশ করিতে হইবে।

**তফসিল-৪**

**[বিধি ২(খ) দ্রষ্টব্য]**

সাব-সার্ভেয়ার, কম্পিউটর, জিংক কারেক্টর, বাউন্ডারি আমিন, সহকারী রেকর্ড কিপার, লাইব্রেরিয়ান, স্টোর কিপার, ডেসপাচার পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার নাম, বিষয়, নম্বর, সর্বনিম্ন পাশ নম্বর ও সময়

<table>
<tr><th>পরীক্ষার নাম</th><th>পরীক্ষার বিষয়</th><th>পরীক্ষার নম্বর</th><th>সর্বনিম্ন পাশ নম্বর</th><th>সময়</th></tr>
<tr><td>(১)</td><td>(২)</td><td>(৩)</td><td>(৪)</td><td>(৫)</td></tr>
<tr><td rowspan="5">লিখিত পরীক্ষা</td><td>১। বাংলা</td><td>২০</td><td rowspan="5">৫০%</td><td rowspan="5">৯০ মিনিট</td></tr>
<tr><td>২। ইংরেজি</td><td>২০</td></tr>
<tr><td>৩। গণিত ও পদ সংশ্লিষ্ট</td><td>৩০</td></tr>
<tr><td>৪। সাধারণ জ্ঞান</td><td>২০</td></tr>
<tr><td>মোট</td><td>৯০</td></tr>
<tr><td>মৌখিক পরীক্ষা</td><td></td><td>১০</td><td></td><td></td></tr>
<tr><td colspan="2">সর্বমোট:</td><td>১০০</td><td></td><td></td></tr>
</table>

**ব্যাখ্যা:** মৌখিক পরীক্ষায় কমপক্ষে ৫০% নম্বর পেয়ে পৃথকভাবে পাশ করিতে হইবে।

**তফসিল-৫**

**[বিধি ২(খ) দ্রষ্টব্য]**

হিসাব সহকারী, ড্রাফটসম্যান, ক্যামেরাম্যান, প্রিন্টার, ফটোম্যান, মেকানিক পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার নাম, বিষয়, নম্বর, সর্বনিম্ন পাশ নম্বর ও সময়

| **পরীক্ষার নাম** | **পরীক্ষার বিষয়** | **পরীক্ষার নম্বর** | **সর্বনিম্ন পাশ নম্বর** | **সময়** |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| লিখিত পরীক্ষা | ১। বাংলা | ২০ | ৫০% | ৯০ মিনিট |
| | ২। ইংরেজি | ২০ | | |
| | ৩। গণিত ও পদ সংশ্লিষ্ট | ৩০ | | |
| | ৪। সাধারণ জ্ঞান | ২০ | | |
| | মোট | ৯০ | | |
| মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| | সর্বমোট: | ১০০ | | |

**ব্যাখ্যা:** ব্যবহারিক পরীক্ষায় স্বতন্ত্রভাবে উত্তীর্ণ হইতে হইবে এবং মৌখিক পরীক্ষায় কমপক্ষে ৫০% নম্বর পেয়ে পৃথকভাবে পাশ করিতে হইবে।

**তফসিল-৬**

**[বিধি ২(খ) দ্রষ্টব্য]**

বুক বাইন্ডার, গ্রেইনার, অফিস সহায়ক, ম্যাপ কাউন্টার পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার নাম বিষয়, নম্বর, সর্বনিম্ন পাশ নম্বর ও সময়

| পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | পরীক্ষার নম্বর | সর্বনিম্ন পাশ নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| লিখিত পরীক্ষা | ১। বাংলা | ২৫ | ৫০% | ৯০ মিনিট |
| | ২। ইংরেজি | ২৫ | | |
| | ৩। গণিত | ২০ | | |
| | ৪। সাধারণ জ্ঞান | ২০ | | |
| | মোট | ৯০ | | |
| মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| সর্বমোট: | | ১০০ | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ খলিলুর রহমান**
সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd